রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৮, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা - ১০০০।

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং-১৬৬-আইন/২০০০/২৬৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ২ এর দফা (ঘঘ) বিলুপ্ত হইবে ;

(২) বিধি ৩ এর উপ-বিধি (৩) এর "কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশে পরিচালিত তদন্তে বা বাজার জরীপে" শব্দগুলির পর "অথবা সার্কেল, বিভাগ বা কমিশনারের দপ্তরে রক্ষিত অভিন্ন বা অনুরূপ বা সমজাতীয় পণ্যের মূল্য সংযোজনের পরিমাণ ও বিভাজন, প্রতিষ্ঠানের প্রকৃত ব্যয়, ঘোষিত মূল্য, অনুমোদিত মূল্য বা বাজার মূল্য সংক্রান্ত তথ্য উপাত্তের ভিত্তিতে পরিচালিত তদন্তে বা জরীপে" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে ;



মূল্য ঃ টাকা ১৫.০০

(৩) বিধি ৪ এর উপ-বিধি (২ক) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির (।) পরিবর্তে কোলন (ঃ) প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ-

"তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি কর্তৃক ঘোষিত টার্ণওভার সুপারিনটেনডেন্ট কর্তৃক সুস্পষ্ট ও যৌক্তিক কারণে গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত না হইলে তিনি উক্ত ব্যক্তিকে যথাযথ শুনানীর সুযোগদানপূর্বক ত্রিশটি কার্যদিবসের মধ্যে তৎকর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উক্ত ব্যক্তির যুক্তিসঙ্গত টার্ণওভারের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।";

(৪) বিধি ৭ এর -

(ক) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধিদ্বয় সন্নিবেশিত হইবে, যথা ঃ-

"(৩ক) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, "মৌসুমী ইটভাটা (অযান্ত্রিক) হইতে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় পদ্ধতি সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ১৯৯৯" এর আওতায় ইটভাটা হইতে কর আদায়ের ক্ষেত্র ব্যতীত, আটককৃত পণ্য এবং পণ্য বহনকারী যানবাহনের মালিক অভিন্ন ও নিবন্ধিত ব্যক্তি বলিয়া প্রতীয়মান হইলে উক্ত কর্মকর্তা আটককৃত পণ্য পরিবহনকারী যানবাহনের চালকের বা দখলদারের বা পণ্য সরবরাহকারীর বা সরবরাহ গ্রহীতার বা তাহাদের প্রতিনিধির, অতঃপর সরবরাহকারী বলিয়া উল্লিখিত, পরিচয় পত্র, পণ্যের চালানপত্র (যদি থাকে) ও অন্যান্য দলিলাদি আটকপূর্বক ফরম মূসক-৫কে এর দুইটি কপিতে সরবরাহকারীর স্বাক্ষর গ্রহণ করিবেন এবং স্বাক্ষরিত মূসক-৫ক এর একটি কপিসহ, পণ্যের ন্যায় নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায়, তাৎক্ষনিকভাবে পণ্য এবং যানবাহন ছাড় প্রদান করিবেন।

(৩খ) আটককৃত পণ্য বা পণ্য পরিবহনকারী যানবাহনের মালিক মামলা চলাকালীন সময় আটককৃত যানবাহনের জন্য অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের আবেদন জানাইলে, এবং ন্যায় নির্ণায়নের প্রয়োজনে ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা কর্তৃক নির্দেশিত স্থান, সময় ও পদ্ধতিতে উক্ত যানবাহন উপস্থাপন করা হইবে এবং উক্তরূপ উপস্থাপনে ব্যর্থ হইলে উক্ত মালিক ধারা ৩৭ অনুযায়ী দণ্ডনীয় হইবেন এই মর্মে ফরম মূসক-৫ক এ অঙ্গীকারনামা প্রদান করিলে, সংশ্লিষ্ট ন্যায় নির্ণায়নকারী কর্মকর্তা উক্ত যানবাহন, আবেদন প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে, আবেদনকারীর অনুকূলে ছাড় প্রদান করিবেন।";

(খ) উপ-বিধি (৫) বিলুপ্ত হইবে;

(৫) বিধি ১১ এর বিদ্যমান বিধান উক্ত বিধির উপ-বিধি (১) হিসাবে সংখ্যায়িত হইবে এবং উক্তরূপে সংখ্যায়িত উপ-বিধির পর নিম্নরূপ উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথা ঃ-

"(২) কোন ব্যক্তি ফরম মূসক-৬ এর কলাম ৬ এ Import Registration No. উল্লেখ করিতে ব্যর্থ হইলে, বিভাগীয় কর্মকর্তা তাহার বিবেচনায় নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত Import Registration No. দাখিলের শর্তে উক্ত ব্যক্তিকে নিবন্ধন পত্র প্রদান করিবেন।";

(৬) বিধি ১২ এ "অন্যূন চৌদ্দ দিনের পূর্বে" শব্দগুলির পর "মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা টার্ণওভার কর সম্পূর্ণ পরিশোধ সাপেক্ষে" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে:

(৭) বিধি-১১ এর-

(ক) উপ-বিধি (১) এর -

(অ) "সেবা প্রদান বাবদ" শব্দগুলির পর "কোন কর মেয়াদে" শব্দগুলি সন্নিবেশিত হইবে :

(আ) "অন্যান্য কর ও শুল্ক" শব্দগুলির পর "উক্ত কর মেয়াদে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) ও (২ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"(২) করযোগ্য পণ্য সরবরাহের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত উপকরণ, তাহার নিবন্ধন সংখ্যা, নাম ও ঠিকানা সম্বলিত বিল অব এন্ট্রি অথবা চালানপত্রসহ সমুদয় উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায়স্থলে প্রবেশের পর উক্ত উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর ফরম মূসক-১৮ তে প্রদর্শিত চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিবেন।

'(২ক) উপ-বিধি (২) এর অধীন উক্ত উপকরণ কর যেই কর মেয়াদে করদাতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায় স্থলে প্রবেশ করিবে সেই কর মেয়াদে উৎপাদ করের বিপরীতে চলতি হিসবে লিপিবদ্ধ করিয়া সমন্বয় সাধন করা যাইবে এবং কোন কর মেয়াদে উৎপাদ কর উপকরণ কর অপেক্ষা অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উৎপাদ কর সরকরী ট্রেজারীতে নগদ জমা করিতে হইবে এবং উৎপাদ করের তুলনায় উপকরণ কর অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উপকরণ কর পরবর্তী মাসে জের হিসাবে চলতি হিসাবে "জের" কলামে প্রদর্শন করিতে হইবে, যাহা পর্যায়ক্রমে পরবর্তী কর মেয়াদে উৎপাদ করের বিপরীতে সমন্বয় করা যাইবে।" ;

(গ) উপ-বিধি (৩) এ "করিয়া ফেরত প্রদান" শব্দগুলি বিলুপ্ত হইবে ;

(ঘ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"(৫) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান করেন, তিনি তৎকর্তৃক কোন কর মেয়াদে প্রদত্ত সেবার জন্য যে উপকরণ ব্যবহার করিয়াছেন সেই উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর উক্ত কর মেয়াদেই প্রদেয় করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং রেয়াত গ্রহণের পর সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় কর উপকরণ করের তুলনায় অধিক হইলে অতিরিক্ত প্রদেয় কর সরকারী ট্রেজারীতে জমা করিতে হইবে; প্রদেয় করের তুলনায় উপকরণ কর অধিক হইলে অতিরিক্ত পরিমাণ উপকরণ কর পরবর্তী মেয়াদে জের হিসাবে চলতি হিসাবের "জের" কলামে প্রদর্শন করা যাইবে এবং পর্যায়ক্রমে উহা প্রদেয় করের বিপরীতে সমন্বয়যোগ্য হইবে।

(৫ক) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি করযোগ্য এবং অব্যাহতিপ্রাপ্ত উভয় প্রকার সেবা প্রদান করেন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি শুধুমাত্র করযোগ্য সেবা প্রদানের জন্য যে পরিমাণ উপকরণ ব্যবহৃত হইয়াছে সেই পরিমাণ উপকরণের উপর উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৫খ) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান এবং এইরূপ কোন সেবা রপ্তানি করেন যাহাতে মূল্য সংযোজন কর এবং অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হইয়াছে সেই ক্ষেত্রে তৎকর্তৃক সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর, ধারা ১৩ এর বিধান অনুযায়ী শূন্য হারে রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের উপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে সেই পরিমাণ অর্থ উক্ত কর মেয়াদে করযোগ্য সেবা প্রদানের উপর প্রদেয় করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং অনুরূপভাবে গ্রহণ করার ক্ষেত্রে তিনি উহা সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।";

(৮) বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) বিলুপ্ত হইবে ;

(৯) বিধি ৩৫ এ "আড়াইগুন" শব্দগুলির পরিবর্তে "অন্যূন সমপরিমান এবং অনুর্ধ্ব আড়াইগুন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) ফরম মূসক-৫ এর পর নিম্নরূপ ফরম মূসক-৫ক সন্নিবেশিত হইবে, যথাঃ-

"মূসক - ৫ক

ব্যক্তিগত মুচলেকা
[বিধি ৭(৩ক) দ্রষ্টব্য]

অংশ-ক
[আবেদনকারী কর্তৃক পূরণীয়]

আমি/আমরা পণ্য/যানবাহনের মালিকের নাম, প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও ঠিকানা ... ... ... ...

... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ২৭ এর উপ-ধারা (১) এবং ধারা ৩৯ এর উপ-ধারা (২) মোতাবেক নিম্নবর্নিত পণ্য/যানবাহনের অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের জন্য আবেদন করতঃ মূল্য সংযোজন কর সহকারী/উপ-/যুগ্ম-/অতিরিক্ত কমিশনার/কমিশনার (অফিসের নাম) ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বরাবরে এই অঙ্গীকারনামা প্রদান করিতেছি।

২। আমি/আমর এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, (১) আটককৃত যানবাহন মামলার ন্যায় নির্ণয়নের প্রয়োজনে ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা কর্তৃক নির্দেশিত স্থান, সময় ও পদ্ধতিতে উপস্থাপন করিতে বাধ্য থাকিব এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে আইনের ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় হইব, এবং (২) পণ্য এবং যানবাহনের ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তার দপ্তরে মামলার ন্যায় নির্ণয়ন সম্পর্কিত সকল সহায়তা প্রদান করিতে বাধ্য থাকিব।

৩। আটককৃত পণ্য/যানবাহন সম্পর্কিত তথ্যাবলী ঃ

(১) আটক মামলা নম্বর ঃ

(২) পণ্য ঃ

(ক) পণ্যের নাম ... ... ... ... ... ... ... ... ... ... .... .... ... ... ... ... .........

(খ) পণ্যের পরিমাণ ... ... ... ... ... ... ... ... ... ... ... .... .... ... ... ... ........

(গ) পণ্য মূল্য (ঘোষিত মূল্য অনুযায়ী)... ... ... ... ... .... .... ... ............ টাকা

(ঘ) পণ্যের মালিকের মূসক নিবন্ধন নং ............................... এলাকা কোড

........................

(৩) যানবাহন ঃ

(ক) যানবাহনের ধরণ ... ... ... ... ... ... ...............................................

(খ) মডেল ও তৈরীর সন ... ... ... ... ... ... ......... ... ............................

(গ) চেসিস নম্বর ... ... ... .... ..............................................................

(ঘ) ইঞ্জিন নম্বর ... ... ... ........ ... ... ... ... ... ... ... .... .... ... ... ... .........

(ঙ) রেজিস্ট্রেশনের স্থান ... .... .... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

(চ) রেজিস্ট্রেশন নম্বর ... ... ... ... .... .... ... ... ... ... ... ... ... ... ... ..........

(ছ) রেজিস্ট্রেশনের মেয়াদ . ... ... ... .... ... ... ... ... ... ... ... ... ... ... .........

(জ) মালিকের নাম ও ঠিকানা . ... ... .... ... ... ... ... ... ... ... ... ... ... .....

. ... ... .... .... ... ... ... ... ... ... ... ... ... .... ... ... .... .... ... ... .....

. ... ... .... ... ... ... ... ... ... ... ... ... ... .... ... ... .... .... ... ... .........

(ব) চালকের নাম ও ঠিকানা ...............................................

...............................................................................

...............................................................................

(ঞ) চালকের ড্রাইভিং লাইসেন্স নং ...............................................

(ট) যানবাহনের অন্যান্য বিবরণ (যদি থাকে) ...............................................

৪। বিচারকরী কর্মকর্তা সম্পর্কিত তথ্যাবলী ঃ

(১) পদবী : ...............................................................................

(২) দপ্তরের ঠিকানা : ...............................................................

...............................................................................

অংশ - খ

[আটককারী ও ছাড় প্রদানকারী কর্মকর্তা কর্তৃক পূরণীয়]

উপরি-উক্ত আটককৃত যানবাহন/মালামালসহ যানবাহন উহার/ উহাদের মালিক বা ড্রাইভার/ মালিক বা প্রতিনিধির [নাম ও ঠিকানা] ...............................................................................

...............................................................................

...............................................................................

............... এর ব্যক্তিগত জিম্মায় ছাড় প্রদান করা হইল।

আটক/ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তার
স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ মোঃ জহুরুল হক ]
প্রথম সচিব (মূসক)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং

এস, আর, ও, নং-১৬৭-আইন/২০০০/২৬৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং-১৩৭-আইন/৯৭/১৫৪-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় "পনের শতাংশ" শব্দগুলির পরিবর্তে "তের দশমিক পঁয়ত্রিশ শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ মোবারা খানম ]
দ্বিতীয় সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং-১৬৮-আইন/২০০০/২৬৭-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরনামা।- এই বিধিমালা নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। করের ভিত্তি নির্ধারণ।- উক্ত আইনের আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য নিম্নের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা, এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লেখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীদের উপর কলাম (৪) এ বর্ণিত মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর ধার্য ও তদকর্তৃক প্রদেয় হইবে, যথাঃ-

"টেবিল

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S ০০৩ | S ০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ | যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রদত্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |
| | S০০৩.২০ | ডকইয়ার্ড | যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের ত্রিশ শতাংশ অর্থ। |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা | ছাপাখানা কর্তৃক ছাপার যাবতীয় উপকরণের মূল্যসহ প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। |
| S০০৯ | S০০৯.০০ | নিলামকারী সংস্থা | নিলামে পণ্য বিক্রয়ে সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১০ | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | সেবা প্রদানকারী কর্তৃক বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত ভূমির উন্নয়ন করার পর উন্নয়নকৃত ভূমি বা ভূমির অংশ বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |
| | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ভবন নির্মাণ সংস্থা কর্তৃক বিক্রিত ফ্লাট বা ইমারত বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০১৪ | S০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা | পণ্য বা সেবা ক্রয়ে সহায়তা বাবদ প্রদত্ত সমুদয় চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্যের বা সেবার মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S ০১৫ | S০১৫.০০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | সংশ্লিষ্ট সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন, বা ফি যাহার মধ্যে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S ০১৮ | S০১৮.০০ | চলচ্চিত্র স্টুডিও | চলচ্চিত্র নির্মাণের জন্য শুধুমাত্র চলচ্চিত্র মুদ্রণ, পরিস্ফুটন, শব্দ গ্রহণ, সংযোজন ও শব্দ মুদ্রণ এর জন্য প্রাপ্ত সমুদয় চার্জ বা ফি। |
| S ০২০ | S০২০.০০ | জরিপ সংস্থা | জরিপ কার্যে নিয়োজিত যে কোন সংস্থা কর্তৃক জরিপ সংক্রান্ত সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং উহাতে পণ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S ০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র | আসবাবপত্র বিক্রয় ও মেরামত বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের বিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী | সেবা প্রদানকারী কর্তৃক বিক্রিত স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার এর মোট বিক্রয় মূল্যের দশ শতাংশ পরিমাণ অর্থ। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S ০২৯ | S০২৯.১০ | চিকিৎসা প্রতিষ্ঠান | চিকিৎসা প্রতিষ্ঠানের সীট ভাড়া, খাবার পরিবেশনের উপর চার্জ, অপারেশন থিয়েটার চার্জ, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ, এনেসথেসিয়া প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, এক্সরের জন্য প্রাপ্ত চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থা পত্র প্রদানের বিনিময়ে প্রদত্ত ফি, ইত্যাদি সমন্বয়ে প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |
| | S০২৯.২০ | দন্ত চিকিৎসা কেন্দ্র | চিকিৎসা প্রতিষ্ঠানের অপারেশন থিয়েটার চার্জ, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ, এনেসথেসিয়া প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, এক্সরের জন্য প্রাপ্ত চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থা পত্র প্রদানের বিনিময়ে প্রদত্ত ফি, ইত্যাদি সমন্বয়ে প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |
| | S০২৯.৩০ | প্যাথলজিক্যাল ল্যাবরেটরী | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরী ফার্ম | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট চুক্তি মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে, দরপত্রে উল্লেখিত মূল্যের) পঁয়ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০৩৪ | S০৩৪.০০ | অডিট এণ্ড এ্যাকাউন্টিং ফার্ম | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের পঁয়ত্রিশ শতাংশে পরিমাণ অর্থ। |
| S ০৩৬ | S০৩৬.২০ | এয়ারকণ্ডিশন্ড লঞ্চ সার্ভিস | শুধুমাত্র লঞ্চের এয়ারকণ্ডিশন্ড কেবিন বা কক্ষের চার্জ বাবদ প্রাপ্ত মূল্য। |
| S ০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement provider) | সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লেখিত মূল্যের কুড়ি শতাংশে পরিমাণ অর্থ। |
| S ০৪০ | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত মূল্যের) ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০৪১ | S০৪১.০০ | তৈরী পোশাক বিক্রয় কেন্দ্র | সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের মূল্যের পনের শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০৪৮ | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার | (ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত মূল্যের) পনের শতাংশ পরিমাণ অর্থ ;<br>(খ) মূল্য সংযোজন কর আরোপযোগ্য অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত মূল্যের) ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S ০৪৯ | S০৪৯.০০ | রেন্ট-এ-কার সার্ভিস | কার ও মাইক্রোবাস ভাড়া প্রদান বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৫৫ | S০৫৫.০০ | ভূমি বিক্রয়কারী | (ক) মেট্রোপলিটন বা মিউনিসিপ্যাল কর্পোরেশন বা প্রথম শ্রেণীর পৌর এলাকার মাষ্টার প্ল্যানের অন্তর্ভুক্ত ভূমি বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের (চুক্তিনামায় বা হস্তান্তর দলিলে উল্লেখিত মূল্যের) পনের শতাংশ পরিমাণ অর্থ।<br>(খ) দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর পৌর সভার মাষ্টার প্ল্যানের অন্তর্ভুক্ত ভূমি বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের (চুক্তি নামায় বা হস্তান্তর দলিলে উল্লেখিত মূল্যের) দশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | (ক) আবাসিক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের পঁয়তাল্লিশ শতাংশ পরিমাণ অর্থ ;<br>(খ) বাণিজ্যিক ও দাতব্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের চল্লিশ শতাংশ পরিমাণ অর্থ ;<br>(গ) সেচ প্রকল্পে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের দশ শতাংশ পরিমাণ অর্থ;<br>(ঘ) শিল্পখাত ও রাস্তার বাতিতে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের পঞ্চাশ শতাংশ পরিমাণ অর্থ। |

৩। কর রেয়াত।- (১) বিধি ২ এ বর্ণিত সেবা সমূহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তিনি তৎকর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ মোঃ জহুরুল হক ]
প্রথম সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং–১৬৯–আইন/২০০০/২৬৮–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও, নং ১৪৬-আইন/৯৯/২২৫-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত-

(১) টেবিল -১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে ;

(২) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি ও উৎপাদন পর্যায়ে;

(৩) টেবিল -৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে ; এবং

(৪) টেবিল-৪ এ উল্লিখিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এবং কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাকে—

উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

"টেবিল - ১ (আমদানি পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১০.০৫ | ১০০৫.১০.১০ | Maize Seed, (বীজ হিসাবে রপ্তানীকারক দেশের প্রত্যয়ন প্রদানের শর্তে)। |
| | ১০০৫.১০.২০ | |
| ১০.০৭ | ১০০৭.০০.১০ | Sorghum Seed, (বীজ হিসাবে রপ্তানীকারক দেশের প্রত্যয়ন পত্র প্রদানের শর্তে) |
| | ১০০৭.০০.২০ | |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | পশু খাদ্যের পুষ্টি প্রিমিক্স |
| ২৫.০৩ | ২৫০৩.০০.০০ | রক সালফার |
| ২৫.১০ | ২৫১০.২০.১০ | রক ফসফেট |
| ২৭.১১ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | এল পি গ্যাস |
| ২৮.০১ | ২৮০১.১০.০০ | তরল ক্লোরিন |
| ২৮.১৫ | ২৮১৫.১১.০০ | কস্টিক সোডা |
| ২৯.৩৬ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | পশু খাদ্যে ব্যবহৃত প্রোভিটামিনস ও ভিটামিন। |
| ৩০.০১ | সকল এইচ, এস, কোড | গ্রন্থি এবং অন্যান্য অঙ্গ |
| ৩০.০২ | ৩০০২.১০.১০<br>৩০০২.১০.৯০ | ম্যালেরিয়া নিরোধক, যক্ষা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধসমূহ, ইন্সুলিন, এন্টিবায়োটিক, সেরা (Sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধসমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalopathy) |
| | ৩০০২.২০.০০ | ভ্যাকসিন্‌স ফর হিউম্যান মেডিসিন |

| শিরনাম সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ৩০০২.৩০.০০ | ভ্যাকসিন্‌স ফর ভেটেরীনারি মেডিসিন |
| | ৩০০২.৯০.০০ | অন্যান্য |
| ৩০.০৩ | ৩০০৩.১০.০০<br>৩০০৩.২০.০০<br>৩০০৩.৩১.০০<br>৩০০৩.৩৯.২০<br>৩০০৩.৪০.২০<br>৩০০৩.৯০.৯২ | হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ফসুফেনাথিকসল ডেকানোয়েট) |
| ৩০.০৪ | ৩০০৪.১০.০০<br>৩০০৪.২০.০০<br>৩০০৪.৩১.০০<br>৩০০৪.৩২.০০<br>৩০০৪.৩৯.১০<br>৩০০৪.৪০.১০<br>৩০০৪.৫০.০০<br>৩০০৪.৯১.১০<br>৩০০৪.৯৯.০১ | এনাসথেটিক, সাধারণ ও লোকাল, ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড পিবি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ফ্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন/লিডোকেইন/লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হউক বা না হউক কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড এবং কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ |
| ৩২.১৫ | ৩২১৫.৯৯.৯০ | কম্পিউটার প্রিন্টারে ব্যবহৃত ইংক জেট, রিফিল কিটস্‌ |
| ৩৯.০১ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | পলিথিন পেলেট |
| ৩৯.২১ | ৩৯২১.৯০.৯০ | প্লাষ্টিক ফিল্ম মেটালাইজড/কোটেড উইথ এ্যালুমিনিয়াম ডাষ্ট/ইয়ার্ণ গ্রেড লেকারড - ১২ মাইক্রোন পুরুত্ব, ১৬৫ মি. মি. - ১৭০ মি. মি. প্রস্থ এবং ৬০০০ মিঃ - ৭০০০ মিঃ এর রোল |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪৯.০৭ | প্রযোজ্য এইচ, এস, কোড | Stamp Impressed Paper এ শ্রেণী বিন্যাসযোগ্য বিড়ি "ব্যান্ড রোল" (বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক আমদানিকৃত) |
| ৫০.০২ | ৫০০২.০০.০০ | কাঁচা রেশম (পাকাইবার উপযোগী নহে)। |
| ৫২.০২ | ৫২০২.৯৯.১০ | তুলার বর্জ্য |
| ৭১.০৮ | ৭১০৮.১৩.০০ | গোল্ড বুলিয়ান [ কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য ] |
| ৮৪.২১ | ৮৪২১.২৯.১০ | Dialyzer |
| ৮৪.২১ | ৮৪২১.২৯.২০ | |
| ৮৪.৩৪ | ৮৪৩৪.২০.০০ | ডেয়ারী মেশিনারী |
| ৮৪.৩৬ | সকল এইচ, এস, কোড | Other agricultural, Horticultural, forestry, poultry-keeping or Bee-keeping machinery including germination plant fitted with mechanical or thermal equipment, poultry incubator and brooders |
| ৮৪.৪৪ | ৮৪৪৪.০০.০০ | Machines for extruding, drawing, texturing or cutting man-made textile materials |
| ৮৪.৪৫ | সকল এইচ,এস, কোড | Machines for preparing textile fibres, spinning, doubling or twisting machines and other machinery for producing textile yarns, textile reeling or winding (including weftwinding) machines and machines for preparing textile yarns for use on the machines of heading No 84.46, or 84.47 |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪.৪৬ | সকল এইচ,এস, কোড | Weaving machines (looms) |
| ৮৪.৪৭ | সকল এইচ,এস, কোড | Knitting machines, stitch-bonding machines and machines for making gimped yarn, tulle, lace, embroidery, trimmings, braid or net and machines for tufting |
| ৮৪.৭৯ | ৮৪৭৯.৮৯.১০ | (i) Transducer |
| | | (ii) Textile Humidifiers imported within six months of the importation of textile capital machinery |
| ৮৫.০১ | সকল এইচ,এস, কোড | ফটো ভোল্টায়িক জেনারেটর |
| ৮৫.২৭ | ৮৫২৭.১২.১০ | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায়) [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর আওতায় আমদানি ক্ষেত্রে প্রযোজ্য] |
| ৮৭.০২ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | সিকেডি বাস |
| | | (ক) সি এন জি চালিত ডাবল ডেকার |
| | | (খ) সি এন জি চালিত ৪০ বা তদুর্ধ্ব সিটের সাধারণ বাস |
| ৮৮.০২ | সকল এইচ,এস, কোড | সকল পণ্য |
| ৯০.১৮ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | A-V Line |
| | ৯০১৮.৩১.০০ | ডায়ালাইসিস ফ্লুইড ব্যাগের জন্য ইন্সুলিন সিরিঞ্জ, পভিডিন আয়োডিন ষ্টিক |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ৯০১৮.৩২.০০ | Fistula needle |
| | ৯০১৮.৯০.২০ | Dialysis Machine |
| | ৯০১৮.৯০.৯০ | ডায়ালাইসিস টিউব ড্রেসিং এর জন্য ওভার স্পনজেস, গজ স্পঞ্জেস, বেসিক ওয়াইসেট ও মিনি ক্যাপ |
| ৯৪০২ | ৯৪০২.৯০.১০ | হাসপাতাল শয্যা |

টেবিল - ২ (আমদানি ও উৎপাদন পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৭.০১ | ০৭০১.১০.০০ | আলু বীজ (বীজ হিসাবে রপ্তানীকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র প্রদানের শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ০৯.০৪ | ০৯০৪.২০.১০ | শুকনা মরিচ |
| ১০.০১ | প্রযোজ্য এইচ,এস, কোড | গম বীজ (বীজ হিসাবে রপ্তানীকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র প্রদানের শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ১০.০৬ | প্রযোজ্য এইচ,এস, কোড | সকল প্রকার চাউল, সকল প্রকার ধান বীজ (বীজ হিসাবে রপ্তানীকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করার শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ১১.০১ | ১১০১.০০.০০ | গম এর ময়দা বা আটা |
| ১১.০২ | প্রযোজ্য এইচ,এস, | গম বা মেসলিন ব্যতিত অন্যান্য পণ্যের ময়দা বা আটা |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | কোড | |
| ১৫.১৪ | প্রযোজ্য এইচ,এস. কোড | সরিষার তৈল |
| ২৩.০১ | ২৩০১.১০.১০<br>২৩০১.১০.২০ | মাংস বা মাংসের বর্জের গুড়া, ক্ষুদ্র দানাকৃত খাবার, গলিত চর্বি, গাদ |
| | ২৩০১.২০.১০<br>২৩০১.২০.২০ | কঠিন খোলসযুক্ত জলজ প্রাণীর (যেমন, কাঁকড়া) বা অন্যান্য জলজ অমেরুদন্ডী প্রাণীর গুড়া, ক্ষুদ্র দানাকৃতির খাবার |
| ২৩.০২ | ২৩০২.১০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ভুট্টার ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.২০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ধানের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৩০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত গমের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৪০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত অন্যান্য সিরিয়াল এর ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৫০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত লিগুমিনাস উদ্ভিদের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| ২৩.০৩ | ২৩০৩.১০.০০ | শ্বেতসার বা সমজাতীয় উৎপাদনের অবশিষ্ট |
| ২৩.০৪ | ২৩০৪.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সয়াবিন হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৫ | ২৩০৫.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে চীনা বাদাম হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |
| ২৩.০৬ | ২৩০৬.১০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তুলা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.২০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তিষী বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৩০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সূর্যমূখীর বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৪০.০০ | দানাদার বা গুড় হওয়া বা না হওয়া নির্বিশেষে সরিষা বা কোলজা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৫০.০০ | কোপড়া ওয়েষ্ট |
| | ২৩০৬.৬০.০০ | পাম নাট বা কার্ণেল এর খৈল ব্যতীত অন্যান্য অবশিষ্ট |
| | ২৩০৬.৯০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে অন্যান্য বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| ২৩.০৮ | ২৩০৮.১০.০০ | ওক বৃক্ষের ফল এবং বাদাম |
| | ২৩০৮.৯০.০০ | অন্যান্য |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | অন্যান্য |
| ২৯.২২ | ২৯২২.৪১.০০ | লাইসিন এবং ইহার এস্টারসমূহ; ইহার লবনসমূহ |
| ২৯.২৩ | ২৯২৩.১০.০০ | কোলিন (Choline) এবং ইহার লবনসমূহ |
| ২৯.৩০ | ২৯৩০.৪০.০০ | মিথিওনাইন (Methionine) |
| ৩০.০২<br>৩০.০৩<br>৩০.০৪<br>৩০.০৬ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সকল প্রকার জন্ম নিরোধক |
| ৩১.০১ হইতে ৩১.০৫ | সংশ্লিষ্ট এইচ এস কোড | রাসায়নিক সার |
| ৩৭.০৭ | ৩৭০৭.১০.১০<br>৩৭০৭.১০.২০<br>৩৭০৭.৯০.১০<br>৩৭০৭.৯০.২০ | কম্পিউটার টোনার কার্টিজ |
| ৩৮.০৮ | ৩৮০৮.১০.১০<br>৩৮০৮.২০.১০<br>৩৮০৮.৩০.১০<br>৩৮০৮.৪০.১০<br>৩৮০৮.৯০.১০ | কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, হারবিসাইডস, এন্টিস্প্রাউটিং প্রোডাক্টস প্লান্ট গ্রোথ রেগুলেটর, ডিজইনফেকট্যান্টস এবং কৃষিকাজে ব্যবহারযোগ্য অনুরূপ অন্যান্য পণ্যাদি ও কাঁচামাল |
| ৪০.১৪ | ৪০১৪.১০.০০ | Sheath Contraceptives (কনডম) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪১.০৪ হইতে ৪১.০৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | পিকল্‌ড, ওয়েট ব্লু ও ক্রাসড চামড়া |
| ৪৪.০৪<br>৪৪.০৬<br>৪৪.০৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সকল প্রকার চেরাই কাঠ |
| ৪৯.০১<br>৪৯.০২<br>৪৯.০৩ | সংশ্লিষ্ট এইচ এস কোড | পুস্তক, পুস্তিকা, সংবাদপত্র, পত্রিকা, সাময়িকী |
| ৫০.০৪ | ৫০০৪.০০.০০ | রেশম সুতা |
| ৫৫.০১ হইতে ৫৫.০৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | পলিস্টার স্ট্যাপল ফাইবার, নাইলন স্ট্যাপল ফাইবার, সিনথেটিক টপ, এক্রিলিক স্ট্যাপল ফাইবার, মডাক্রিলিক স্ট্যাপল ফাইবার |
| ৫৬.০৫ | ৫৬০৫.০০.২০ | Lumi lurex yarn (জরি) |
| ৭৩.২১ | ৭৩২১.১২.০০ | কেরোসিন চুলা |
| ৮৪.২৪ | ৮৪২৪.৮১.১০<br>৮৪২৪.৮১.৯০<br>৮৪২৪.৮৯.০০ | কৃষি কার্যে ব্যবহৃত সকল প্রকার স্প্রেয়ার |
| ৮৪.৪৮ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | টেক্সটাইল ও জুট মিলের খুচরা যন্ত্রাংশ |
| ৮৪.৭১ | সকল এইচ,এস, কোড | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি |
| ৮৪.৭৩ | ৮৪৭৩.৩০.০০ | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি |
| ৮৫.১৭ | ৮৫১৭.৫০.১০ | কম্পিউটার মডেম |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৫.২৩ | ৮৫২৩.১১.২০<br>৮৫২৩.১২.২০<br>৮৫২৩.১৩.২০<br>৮৫২৩.২০.২০ | কম্পিউট্যারে ব্যবহার্য (আন-রেকর্ডেড) ম্যাগনেটিক টেপ ও ডিস্ক |
| ৮৫.২৪ | প্রযোজ্য সকল এইচ.এস. কোড | কম্পিউটার সফটওয়্যার |
| ৯০.১৯ | ৯০১৯.২০.১০ | Oxygen therapy and artificial respiration apparatus, including heart/lung resuscitation units |
| ৯০.২১ | ৯০২১.৫০.০০ | Pacemaker for stimulating heart muscles |
| ৯০.২১ | ৯০২১.৯০.১০ | হার্ট ভাল্ব |
| ৯৪.০৫ | ৯৪০৫.৫০.১০ | হারিকেন বাতি |
| ৯৬.০৯ | ৯৬০৯.১০.০০ | কাঠ পেন্সিল |
| ৯৬.১২ | ৯৬১২.১০.১০ | কম্পিউটার রিবন" |

## টেবিল - ৩ (উৎপাদন পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০১<br>০৪.০৩<br>০৪.০৪<br>০৪.০৫<br>০৪.০৬ | প্রযোজ্য এইচ এস কোড | প্যাকেটকৃত তরল দুধ, ঘি, মাখন, পনির, মাঠা, সাধারণ দই (মিষ্টি দই ব্যতিত) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৭.০১ | ১৭০১.১১.০০ | আখ হইতে প্রস্তুত চিনি, টন প্রতি ২৪২০(দুই হাজার চারশত বিশ) টাকার অতিরিক্ত |
| ১৯.০৫ | ১৯০৫.১০.০০<br>১৯০৫.২০.০০<br>১৯০৫.৯০.০০ | পাউরুটি, বনরুটি এবং এই ধরণের অন্যান্য রুটি |
| ২৩.০৩ | ২৩০৩.২০.০০ | বিটের মন্ড, চিনি উৎপাদন হইতে প্রাপ্ত আখের ছোবড়া বা অন্যান্য বর্জ |
| | ২৩০৩,৩০.০০ | চোলাই বা পাতন হইতে প্রাপ্ত তলানী ও বর্জ্য |
| ৩০.০৬ | ৩০০৬.৬০.১০ | নিম্ন বর্ণিত জন্ম নিরোধক পিল, যথাঃ–<br>(ক) ওভস্ট্যাট<br>(খ) লিনডিয়ান ও<br>(গ) মার্ভেলন |
| ৩৯.২৪ | সংশ্লিষ্ট এইচ এস কোড | প্লাষ্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা বাসন, পেয়ালা, বাটি, মগ, জগ, গ্লাস, সব্জি ধোয়ার জন্য ব্যবহৃত জালি, গামলা, বালতি, খাবর ঢাকার ঢাকনি, স্কুলের বাচ্চাদের ব্যবহৃত পানির বোতল, ঝুড়ি ও টিফিন ক্যারিয়ার |
| ৪৮.০১ | ৪৮০১.০০.০০ | নিউজপ্রিন্ট (ইন রোলস) |
| ৫৩.০৩ | ৫৩০৩.১০.২০ | জুট কাটিং |
| ৬৪.০২ | ৬৪০২.২০.০০ | প্লাস্টিক এবং রাবারের হাওয়াই চপ্পল ও প্লাস্টিকের পাদুকা (চল্লিশ টাকা পর্যন্ত) |
| ৭৩.১৭ | ৭৩.১৭.০০.৯০ | তারকাটা |
| ৭৩.২৩ | ৭৩২৩.৯১.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কড়াই, তাওয়া |
| ৭৩.২৬ | ৭৩২৬.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত জালের কাঠি |
| ৭৬.১৫ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়ার এবং যন্ত্রাংশ |
| ৮২.০১ | ৮২০১.১০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কোদাল এবং বেলচা |
| ৮৩.১৩ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত সেচ পাম্প ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.১৪ | ৮৪১৪.২০.০০<br>৮৪১৪.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হস্তচালিত টিউব ওয়েল ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.২৩ | ৮৪২৩.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত বাটখারা |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪.৩৭ | ৮৪৩৭.৮০.১০<br>৮৪৩৭.৮০.২০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলার |
| | ৮৪৩৭.৯০.১০<br>৮৪৩৭.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলারের জালী, ব্লেড এবং বাটম |
| ৮৪.৬৯ | প্রযোজ্য এইচ এস কোড | বাংলা, বাংলা-ইংরেজী দোভাষিক টাইপ রাইটার মেশিন; |
| ৮৭.০২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | যাত্রীবাহী বাসের সংযোজন ও বডি নির্মাণ |
| ৮৭.০৪ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ট্রাকের বডি সংযোজন ও বডি নির্মাণ |
| ৯৬.০৮ | ৯৬০৮.১০.০০ | বল পয়েন্ট পেন |

## টেবিল - ৪ (সেবাসমূহ)

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S-০০১ | S-০০১.১০<br>S-০০১.২০ | হোটেল ও রেস্তোরাঁ ঃ<br>বাংলাদেশের অভ্যন্তরে সকল অস্থায়ী হোটেল ও রেস্তোরা। এক্ষেত্রে অস্থায়ী বলিতে বেষ্টনী বিহীন, বিদ্যুৎ ফ্যান বিহীন ও অনধিক দুইটি বৈদ্যুতিক বাতিযুক্ত হোটেল ও রেস্তোরাঁকে বুঝাইবে। |
| S-০০২ | S-০০২.০০ | ডেকোরেটরস ও ক্যাটারার্স ঃ<br>মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাহিরে অবস্থিত সকল ডেকোরেটরস ও ক্যাটারার্স। |
| S-০০৪ | S-০০৪.০০ | নির্মাণ সংস্থাঃ<br>(ক) ৩০শে জুন ১৯৯১ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম এবং<br>(খ) ৩০শে জুন ১৯৯১ পর্যন্ত জারীকৃত টেন্ডার সমূহের ভিত্তিতে ৩০ শে জুন ১৯৯৩ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম |
| S-০০৬ | S-০০৬.০০ | হিমাগার |
| S-০০৮ | S-০০৮.১০ | ছাপাখানাঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | (ক) পুস্তক, সাময়িকী ও ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রণের চার্জের উপর |
| | S-০০৮.২০ | বাঁধাই সংস্থা ঃ সকল প্রকার বাঁধাইয়ের চার্জের উপর |
| S-০১৬ | S-০১৬.০০ | ট্রাভেল এজেন্সী |
| S-০২১ | S-০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থার সম্পূর্ণ চার্জের উপর। |
| S-০২২ | S-০২২.০০ | মিষ্টান্ন ভান্ডার ঃ<br>মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাহিরে অবস্থিত সকল মিষ্টান্ন ভান্ডার। |
| S-০২৭ | S-০২৭.০০ | বীমা কোম্পানী ঃ<br>বাংলাদেশে সমুদ্রগামী জাহাজের হাল বীমাকরণের ক্ষেত্রে এবং Private Sector Power Generation Company কর্তৃক বীমা প্রিমিয়ামের উপর প্রদেয় মূল্য সংযোজন কর |
| S-০২৯ | S-০২৯.২০ | দন্ত চিকিৎসা কেন্দ্র । |
| S-০৩১ | S-০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত সকল সেবা |
| S-০৩৮ | S-০৩৮.০০ | বিদেশী শিল্পী সহযোগে বিনোদন মূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকঃ<br>একশত টাকার নিম্নে একক প্রবেশ মূল্য। |
| S-০৪১ | S-০৪১.০০ | তৈরী পোষাক বিক্রয়কেন্দ্র ঃ<br>মেট্রোপলিটন এলাকা ও প্রথম শ্রেণীর পৌরসভার বাহিরে অবস্থিত সকল তৈরী পোষাক বিক্রয় কেন্দ্র। |
| S-০৪৪ | S-০৪৪.০০ | বিশেষজ্ঞ ডাক্তার |
| S-০৪৫ | S-০৪৫.০০ | আইন পরামর্শক।" |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ আব্দুল মুয়ীদ চৌধুরী ]
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও নং-১৭০-আইন/২০০০/২৬৯-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত করযোগ্য সেবার, পরিধি নির্ধারণের লক্ষ্যে, ব্যাখ্যা প্রদান করিল, যথাঃ-

"টেবিল

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০১ | S০০১.০০ | হোটেল ও রেস্তোরা |
| | S০০১.১০ | হোটেলঃ<br>ব্যাখ্যাঃ<br>"হোটেল" অর্থ, কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে সাময়িকভাবে অবস্থানের জন্য কোন কক্ষ বা কক্ষসমূহের স্যুট বা অন্য কোন ধরণের আবাসন, উহাতে ক্যাটারিং এর ব্যবস্থা অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগীতার ব্যবস্থা থাকুক বা না থাকুক, ভাড়া দেওয়া হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী কোন প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে। |
| | S০০১.২০ | রেস্তোরাঃ<br>ব্যাখ্যাঃ<br>"রেস্তোরাঁ" অর্থ কোন ক্লাবসহ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগীতা প্রদান করা হউক বা না |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | হউক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোন খাদ্য বা পানীয় বিক্রয় করা হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিক যানে পরিচালিত মোবাইল রেস্তোরাও ইহার অন্তর্ভূক্ত হইবে। |
| S০০২ | S০০২.০০ | ডেকোরেটরস ও ক্যাটারার্সঃ<br>ব্যাখ্যাঃ<br>"ডেকোরেটরস ও ক্যাটারার্স" অর্থ কোন দোকান, ফার্ম, প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ যাহা বা যাহারা নিম্নোক্ত এক বা একাধিক সেবা প্রদান করিয়া থাকে, যথাঃ -<br>(ক) ফুল, ফেস্টুন, বান্টিং, রঙিন কাগজ, কাপড় বা অন্য কোন উপকরণ, যে কোন ধরণের বৈদ্যুতিক বাতি, তোরণ, প্যান্ডেল বা "সামিয়ানা" দ্বারা কোন প্রাঙ্গন, ভবন, মাঠ অথবা যানবাহন সজ্জিতকরণ; অথবা<br>(খ) আসবাবপত্র বা ফিক্সচারস দ্বারা কোন ভবন, প্রাঙ্গন বা মাঠ সজ্জিতকরণ; অথবা<br>(গ) যে কোন ধরনের উৎসব বা অনুষ্ঠানে লিনেন, ক্রোকারিজ, কাটলারিজ বা বাসনপত্র সরবরাহকরণ; অথবা<br>(ঘ) কোন খাদ্য সামগ্রী বা পানীয় প্রস্তুত, সরবরাহ বা পরিবেশনকরণ বা যে কোন ধরণের আপ্যায়ন। |
| S০০৩ | S০০৩.০০ | মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ডঃ |
| | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপঃ |
| | S০০৩.২০ | ডকইয়ার্ডঃ<br>ব্যাখ্যাঃ<br>"মোটর গাড়ীর গ্যারেজ, বা ওয়ার্কসপ" এবং "ডকইয়ার্ড" অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে যে কোন প্রকারের যান্ত্রিক যানবাহন বা নৌযান মেরামত বা সার্ভিসিং করা হয় অথবা উহদের যন্ত্রাংশের বা আকৃতির কোন পরিবর্তন করা হয়। |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থাঃ<br>ব্যাখ্যাঃ<br>(১) "নির্মাণ সংস্থা" অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন, যোগাযোগ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | মাধ্যম, পরিবহণ, সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যে কোন ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন। |
| | | (২) উক্ত অবকাঠামোর সহিত সংযুক্ত হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যে কোন ধরনের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপনও (যেমনঃ শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ফল্‌স সিলিং, লিফট ইত্যাদি) ইহার অন্তর্ভুক্ত হইবে। |
| S০০৫ | S০০৫.০০ | পণ্যাগারঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "পণ্যাগার" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে স্থানীয়ভাবে উৎপাদিত, আমদানীকৃত বা রপ্তানীযোগ্য বা অন্য যে কোন পণ্য পণের বিনিময়ে বা প্রকারান্তরে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকাণ্ডও এই সেবার অন্তর্ভুক্ত হইবে। |
| S০০৬ | S০০৬.০০ | হিমাগারঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "হিমাগার" অর্থ এমন কোন স্থান যেখানে তাপ নিয়ন্ত্রণ পদ্ধতিতে বা অন্য কোন পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে কোন পণ্য সংরক্ষণের ব্যবস্থা রহিয়াছে। |
| S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "বিজ্ঞাপনী সংস্থা" অর্থ কোন পণ্যের বা সেবার প্রচারনার বা অন্য কোন প্রচারনার উদ্দেশ্যে, পত্র-পত্রিকা ব্যতীত, কোন মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন প্রচারকরণে (পত্র-পত্রিকা ব্যতিরেকে) নিয়োজিত কোন সংস্থা বা ব্যক্তি। |
| S০০৮ | S০০৮.০০ | ছাপাখানা ও বাঁধাই সংস্থাঃ |
| | S০০৮.১০ | ছাপাখানাঃ |
| | | ব্যাখ্যাঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | "ছাপাখানা" অর্থ কোন পুস্তক বা পত্রিকা ছাপার কাজে অথবা অন্য যে কোন নামের বা ধরণের ছাপার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। |
| | S০০৮.২০ | বাঁধাই সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "বাঁধাই সংস্থা" অর্থ কোন পুস্তক, পত্রিকা বা অন্য কোন দলিল দস্তাবেজ বা খাতাপত্র বাঁধায়ের কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। |
| S০০৯ | S০০৯.০০ | নিলামকারী সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "নিলামকারী সংস্থা" অর্থ সরকারী এবং বেসরকারী নিলামের আয়োজনে বা পরিচালনা কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। |
| S০১০ | S০১০.০০ | ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থাঃ |
| | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "ভূমি উন্নয়ন সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির বাণিজ্যিক উদ্দেশ্যে উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা প্রকারান্তরে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| | | ভবন নির্মাণ সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "ভবন নির্মাণ সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা প্রকারান্তরে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১১ | S০১১.০০ | ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ |
| | S০১১.১০ | ভিডিও ক্যাসেট সপঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | S০১১.২০ | ভিডিও গেম সপঃ |
| | S০১১.৩০ | ভিডিও, অডিও রেকর্ডিং সপঃ |
| | S০১১.৪০ | ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ<br>ব্যাখ্যাঃ<br>"ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, ভিডিও এবং অডিও সিডি ভাড়া প্রদানকারী সপ" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ভিডিও ক্যাসেট বা ভিডিও গেম বা ভিডিও ও অডিও সিডি বিক্রয় অথবা উহা সাময়িকভাবে ব্যবহারের সুযোগ প্রদান অথবা ভিডিও বা অডিও বা ভিডিও ও অডিও সিডি রেকর্ডিং এর কাজে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। |
| S০১২ | S০১২.০০ | টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থাঃ<br>ব্যাখ্যাঃ<br>"টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা" অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন, তথ্য বা উপাত্ত আদান-প্রদানের ব্যবস্থাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১৩ | S০১৩.০০ | যান্ত্রিক লন্ড্রিঃ<br>ব্যাখ্যাঃ<br>"যান্ত্রিক লন্ড্রি" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যান্ত্রিক পদ্ধতিতে কোন পোষাক, পরিচ্ছদ বা উহার অংশ বিশেষ বা যে কোন ধরণের বস্ত্র, আচ্ছাদন বা মোড়ক ধোলাই, ইস্ত্রি, রং, রিপু, কাটা বা পলিস করার কার্যে নিয়োজিত কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১৪ | S০১৪.০০ | ইনডেনটিং সংস্থাঃ<br>ব্যাখ্যাঃ<br>"ইনডেনটিং সংস্থা" অর্থ দেশী বা বিদেশী ক্রেতা এবং বিক্রেতার মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সম্পর্কিত যোগাযোগ স্থাপন অথবা অনুরূপ ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সংক্রান্ত চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সমন্বয় কার্যে নিয়োজিত কোন |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১৫ | S০১৫.০০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা ঃ |
| | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"ফ্রেইট ফরোয়ার্ডার্স" অর্থ পণ্যের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| | S০১৫.২০ | ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা" অর্থ বিদেশ হইতে আমদানীকৃত বা বিদেশে রপ্তানীযোগ্য কোন পণ্য পণ্যের বিনিময়ে বা খোদ খালাসী (self clearance) এর উদ্দেশ্যে শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর অধীন লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১৬ | S০১৬.০০ | ট্রাভেল এজেন্সিঃ<br>ব্যাখ্যাঃ<br>"ট্রাভেল এজেন্সি" অর্থ কমিশন ভিত্তিতে কোন যাত্রী পরিবহণ প্রতিষ্ঠানের পক্ষে যাত্রী সাধারণের নিকট এক স্থান হইতে অন্য স্থানে যাতায়তের জন্য টিকিট বিক্রয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০১৭ | S০১৭.০০ | কম্যুনিটি সেন্টারঃ<br>ব্যাখ্যাঃ<br>"কম্যুনিটি সেন্টার" অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্য কোন সাংস্কৃতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্ত সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোন ভবন বা প্রাঙ্গন। |
| S০১৮ | S০১৮.০০ | চলচ্চিত্র ষ্টুডিওঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | ব্যাখ্যাঃ |
| | | "চলচ্চিত্র ষ্টুডিও" অর্থ চলচ্চিত্র রেকর্ডিংএর সুবিধা সম্বলিত কোন স্থান, প্রাঙ্গন বা ভবন যাহা অর্থের বিনিময়ে ব্যবহার করার সুযোগ প্রদান করা হয়। |
| S০১৯ | S০১৯.০০ | রঙ্গিন ফটো নির্মাতাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "রঙিন ফটো নির্মাতা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে রঙিন ফটো প্রস্তুতকরণ বা ফিল্ম প্রক্রিয়াকরণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২০ | S০২০.০০ | জরিপ সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "জরিপ সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত, রপ্তানিতব্য, দেশের অভ্যন্তরে মজুদকৃত বা সরবরাহকৃত পণ্যের জরিপ কার্যে অথবা বীমা সংক্রান্ত জরিপ কার্যে অথবা ভূমি জরিপসহ সকল প্রাকৃতিক, আর্থিক, মানব ও কারিগরি সম্পদ পরিমাপ বা জরিপ কার্যে বা আর্থ-সামাজিক জরিপ কার্যে বা অন্য যে কোন জরিপ কার্যে নিয়োজিত যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২১ | S০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকরী সংস্থা" অর্থ অর্থের বিনিময়েকোন প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থ্কে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২২ | S০২২.০০ | মিষ্টান্ন ভান্ডারঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "মিষ্টান্ন ভান্ডার" অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্রী প্রস্তুতকরণ বা বিক্রয়ে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২৩ | S০২৩.০০ | চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ)ঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "চলচ্চিত্র প্রদর্শক" অর্থ দর্শকদের উপভোগের জন্য |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্র প্রদর্শনকারী বা প্রদর্শনের ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্রঃ<br>ব্যাখ্যাঃ<br>"আসবাবপত্রের বিপণন কেন্দ্র" অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও এই ব্যাখ্যার আওতাভুক্ত হইবে। |
| S০২৫ | S০২৫.০০ | ওয়াসাঃ<br>ব্যাখ্যাঃ<br>"ওয়াসা" অর্থ পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ। |
| S০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারীঃ<br>ব্যাখ্যাঃ<br>(১) "স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণ ও রৌপ্যের দোকানদার কর্তৃক প্রদত্ত সেবা" অর্থ মজুরী বা সার্ভিস চার্জের বিনিময়ে স্বর্ণ বা রৌপ্যের কিংবা স্বর্ণ ও রৌপ্যের অলংকার প্রস্তুত, মেরামত, মজুদ বা বিপণন কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।<br>(২) "স্বর্ণ পাকাকারী" অর্থ স্বর্ণ গলাইয়া বা পরিষ্কার করিয়া বা অন্য কোন পদ্ধতিতে তেজাবি স্বর্ণ বা স্বর্ণ পিন্ড প্রস্তুত ও বিপণনকারী। |
| S০২৭ | S০২৭.০০ | বীমা কোম্পানীঃ<br>ব্যাখ্যাঃ<br>"বীমা কোম্পানী" অর্থ অগ্নি, নৌ, বিমান, মটর, স্বাস্থ্যগত দূর্ঘটনাসহ অন্যান্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০২৮ | S০২৮.০০ | কুরিয়ার (Courior) সার্ভিসঃ<br>ব্যাখ্যাঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | "কুরিয়ার সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য দলিলপত্র বা পণ্য প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরনামা সংখ্যা S০১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত। |
| S০২৯ | S০২৯.০০ | চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরীঃ |
| | S০২৯.১০ | চিকিৎসা প্রতিষ্ঠান ঃ |
| | | ব্যাখ্যা ঃ |
| | | "চিকিৎসা প্রতিষ্ঠান" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে কোন মানুষের দৈহিক বা মানসিক বিষয়ের চিকিৎসার নিমিত্ত ব্যবস্থাপত্র, পরামর্শ বা প্রয়োজনীয় প্যাথলজিক্যাল পরীক্ষ করা হয় এবং উপরিউক্ত এক বা একাধিক সেবা প্রদানের জন্য অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা হয় এবং উহার বিনিময়ে বাবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে সেবা মূল্য আদায় করা হয়; |
| | | তবে শর্ত থাকে যে, যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থায় বিনামূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতাবহির্ভূত হইবে। |
| | S০২৯.২০ | দন্ত চিকিৎসা কেন্দ্র ঃ |
| | | ব্যাখ্যা ঃ |
| | | "দন্ত চিকিৎসা কেন্দ্র" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে অস্থায়ী আবাসনের ব্যবস্থা থাকুক বা না থাকুক, বাবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে দন্ত বিষয়ক যে কোন ধরণের চিকিৎসার ব্যবস্থা করা হয়; |
| | | তবে শর্ত থাকে যে, যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা বিনা মূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতাবহির্ভূত হইবে। |
| | S০২৯.৩০ | প্যাথলজিক্যাল ল্যাবরেটরী ঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | ব্যাখ্যাঃ |
| | | "প্যাথলজিক্যাল ল্যাবরেটরী" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে বাণিজ্যিক ভিত্তিতে আলট্রাসনিক পদ্ধতিতে বা ইলেট্রনিক স্ক্যানিং এর মাধ্যমে বা অন্য যে কোন প্রক্রিয়ায় যে কোন শারীরবৃত্তীয় বা রোগ সম্পর্কিত পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করা হয়। |
| S০৩০ | S০৩০.০০ | বিউটি পার্লারঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "বিউটি পার্লার" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেইখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অঙ্গসজ্জা বা রূপসজ্জামূলক সেবা প্রদানের বা তদানুষঙ্গিক কোন সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা রহিয়াছে। |
| S০৩১ | S০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা" অর্থ পণের বিনিময়ে নিজস্ব প্ল্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্মঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "কনসালটেন্সী ফার্ম বা সুপারভাইজরী ফার্ম" অর্থ পণের বিনিময়ে যেকোন পরামর্শক-সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কোন সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন অথবা উহা বাস্তবায়নের তদারকি করেন। |
| S০৩৩ | S০৩৩.০০ | ইজারাদারঃ |
| | | ব্যাখ্যাঃ |
| | | "ইজারাদার" অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৩৪ | S০৩৪.০০ | অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্মঃ<br>ব্যাখ্যাঃ<br>"অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম" অর্থ পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বার্ষিক বা কোন নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৩৫ | S০৩৫.০০ | শিপিং এজেন্টঃ<br>ব্যাখ্যাঃ<br>"শিপিং এজেন্ট" অর্থ Customs Act, 1969 এর section 2 (g) তে সংজ্ঞায়িত "conveyance" এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোন বিদেশী শিপিং লাইনের স্থানীয় এজেন্ট ও ইহার অন্তর্ভুক্ত হইবে। |
| S০৩৬ | S০৩৬.০০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিস ঃ |
| | S০৩৬.১০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস সার্ভিস ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস সার্ভিস" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে আন্তঃজেলা যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। |
| | S০৩৬.২০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিস ঃ<br>ব্যাখ্যাঃ<br>"শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিস" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা ষ্টীমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। |
| | S০৩৬.৩০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল রেলওয়ে সার্ভিস ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল রেলওয়ে সার্ভিস" অর্থ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider)ঃ<br>ব্যাখ্যাঃ<br>"যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্রের বিপরীতে বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর নিকট পণের বিনিময়ে [মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই] সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৩৮ | S০৩৮.০০ | বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকঃ<br>ব্যাখ্যাঃ<br>"বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক" অর্থ পণ বা সম্মানীর বিনিময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী সমন্বয়ে গঠিত কোন শিল্পী গোষ্ঠী বা শিল্পী সংস্থা সহযোগে নৃত্য, সংগীত, ব্যাণ্ড শো, কনসার্ট বা অন্য যে কোন নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৩৯ | S০৩৯.০০ | স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর ঃ |
| | S০৩৯.১০ | স্যাটেলাইট ক্যাবল অপারেটর ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"স্যাটেলাইট ক্যাবল অপারেটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম গ্রহনপূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ী, ব্যবসাস্থল, অন্যকোন স্থানে বা অঙ্গনে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| | S০৩৯.২০ | স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর ঃ<br>ব্যাখ্যা ঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | "স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম গ্রহণপূর্বক তা ক্যাবল বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট ক্যাবল অপারেটর, অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে পণের বিনিময়ে সংযোগপ্রদান করেন, উক্তরূপ প্রোগ্রাম ধারণের স্বত্ব বা অধিকার প্রদান করেন অথবা যান্ত্রিক সংযোগ দ্বারা উক্তরূপ প্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমতি প্রদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন। |
| S০৪০ | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস ঃ<br>ব্যাখ্যাঃ<br>"সিকিউরিটি সার্ভিস" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি, ভবন, কমপ্লেক্স, অংগন, অফিস বা অন্য যে কোন ধরনের স্থাপনার বা কোন ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তা বিধানের জন্য প্রহরী, কর্মী, জনবল বা যন্ত্রপাতি সরবরাহ কাজে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান। |
| S০৪১ | S০৪১.০০ | তৈরী পোশাক বিক্রয় কেন্দ্র ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"তৈরী পোশাক বিক্রয় কেন্দ্র" অর্থ এমন কোন স্থান যেখানে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান শাড়ীসহ যেকোন ধরনের তৈরী পোশাক পণের বিনিময়ে বিক্রয় করিয়া থাকেন অথবা বিক্রয়ের লক্ষ্যে প্রদর্শন করেন। |
| S০৪২ | S০৪২.০০ | স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল ঃ<br>ব্যাখ্যাঃ<br>"স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল" অর্থ স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাত কল যাহার দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পণের বিনিময়ে গাছ, গাছের কান্ড বা গুড়ি বা শাখা প্রশাখা চেরাই কিংবা যে কোন ধরনের কাঠ কর্তন, চেরাই, মসৃণ করার কাজ করিয়া থাকেন; এবং কাঠ সিজনিং প্লান্টও ইহার অন্তর্ভুক্ত হইবে। |
| S০৪৪ | S০৪৪.০০ | বিশেষজ্ঞ ডাক্তার ঃ<br>ব্যাখ্যা ঃ |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | "বিশেষজ্ঞ ডাক্তার" অর্থ চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা ও পোষ্টগ্রাজুয়েট ডিগ্রীধারী যেমনঃ মেডিসিন, সার্জারী, গাইনোকোলজী ও অবস্‌টেট্রিক্স, নিউরোসার্জারী, নিউরোমেডিসিন, নাক, কান ও গলা, চক্ষু, গ্যাস্ট্রো-এন্টারোলজী, ইউরোলজী, কার্ডিওলজী, ফিজিওথেরাপী, সাইকিয়াট্রিসহ অন্য যে কোন বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তার যিনি এক বা একাধিক জুনিয়র ডাক্তার সহযোগে পণের বিনিময়ে রোগীদের চিকিৎসা, ব্যবস্থাপত্র বা পরামর্শ প্রদান করেন তবে শুধুমাত্র এম, বি, বি, এস ও সমমানের ডিগ্রীধারী ডাক্তারগণ বিশেষজ্ঞ ডাক্তার হিসাবে বিবেচিত হইবেন না। |
| S০৪৫ | S০৪৫.০০ | আইন পরামর্শক ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"আইন পরামর্শক" অর্থ এমন কোন ব্যক্তি, আইনজীবি অথবা কতিপয় আইনজীবি সমন্বয়ে গঠিত যে কোন প্রতিষ্ঠান, যিনি একাধিক জুনিয়র আইনজীবি সহযোগে নিজস্ব বাসভবনে অথবা এক বা একাধিক জুনিয়র আইনজীবি সহযোগে অন্য কোথাও স্থাপিত চেম্বারে কোন ফৌজদারী বা দেওয়ানী মামলা অথবা অন্য কোন বিষয়ে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থাকে পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কার্য নির্বাহ করিয়া থাকেন। |
| S০৪৬ | S০৪৬.০০ | হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টার ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টার" অর্থ এমন কোন স্থান (খোলা বা আবদ্ধ যাহাই হউক না কেন) যেখানে পণের বিনিময়ে শারীরিক সৌন্দর্য বৃদ্ধিকল্পে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপশমের উদ্দেশ্যে শরীরচর্চা করানো হয় অথবা যন্ত্রপাতি ও সুইমিংপুল ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় অথবা উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| S০৪৭ | S০৪৭.০০ | খেলাধূলা আয়োজক ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"খেলাধূলা আয়োজক" অর্থ এমন কেন ব্যক্তি, প্রতিষ্ঠান বা |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | সংস্থা যিনি, বাণিজ্যিক ভিত্তিতে জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগীতামূলক খেলাধূলা প্রদর্শণার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য গ্রহন করেন। |
| S০৪৮ | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"পরিবহন ঠিকাদার" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধাসরকারী সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা কোম্পানী, এন.জি.ও বা লিমিটেড কোম্পানী-তে তালিকাভূক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য পরিবহন পূর্বক গন্তব্যস্থলে পৌছানোর দায়িত্ব পালন করেন। |
| S০৪৯ | S০৪৯.০০ | রেন্ট-এ-কার সার্ভিস ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"রেন্ট-এ-কার সার্ভিস " অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে কার ও মাইক্রোবাস (ট্যাক্সী ক্যাব ব্যতীত) ভাড়া প্রদান করেন। |
| S০৫০ | S০৫০.০০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে যে কোন অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকল্পে ডিজাইন ও কষ্ট এস্টিমেট প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অস্থায়ী ভিত্তিতে কোন ভবনের অংশবিশেষের স্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদিও ইহার অন্তর্ভূক্ত হইবে। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০৫১ | S০৫১.০০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"ইঞ্জিনিয়ারিং ফার্ম" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে, নির্দিষ্ট চার্জ, ফি বা পণের বিনিময়ে ভবন, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রীজ, ফ্লাইওভারসহ যে কোন ধরণের অবকাঠামোগত ডিজাইন ও কষ্ট এস্টিমেট প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নির্মাণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন। |
| S০৫২ | S০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে কোন সামাজিক, দাপ্তরিক, রাজনৈতিক বা যে কোন অনুষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে যে কোন ধরণের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেকট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৫৩ | S০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"বোর্ড সভায় যোগদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধাসরকারী, বেসরকারী (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর বোর্ড বা বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন। |
| S০৫৪ | S০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী" অর্থ এমন কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যে কোন পন্য বা সেবার বিপণনের বা প্রচারনার উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণের বিনিময়ে কোন জাতীয় বা আন্তর্জাতিক ভূ অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | থাকেন। |
| S০৫৫ | S০৫৫.০০ | ভূমি বিক্রয়কারী ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"ভূমি বিক্রয়কারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রোপলিটন, মিউনিসিপ্যাল কর্পোরেশন বা পৌর এলাকার মাষ্টারপ্ল্যানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যে কোন সূত্রে প্রাপ্ত ভূমি পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভূক্ত হইবে না। |
| S০৫৬ | S০৫৬.০০ | ঋনপত্র সেবা প্রদানকারী ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"ঋনপত্র সেবা প্রদানকারী" অর্থ কোন রাষ্ট্রায়ত্ত্ব, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা কোন আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি কমিশন, ফি বা চার্জের বিনিময়ে কোন পন্য বা সেবা আমদানীর নিমিত্ত কোন আমদানীকারকের অনুকূলে ঋনপত্র প্রতিষ্ঠা করিয়া থাকেন। |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী ঃ<br>ব্যাখ্যাঃ<br>"বিদ্যুৎ বিতরণকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণের বিনিময়ে সরবরাহ করেন। |
| S০৫৮ | S০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থাঃ<br>ব্যাখ্যাঃ<br>"চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে চার্টারে বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদান করেন।" |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[ মোঃ জহুরুল হক ]

প্রথম সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস,আর,ও,নং–১৭১–আইন/২০০০/২৭০–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ৫ই আশ্বিন, ১৪০২ বাং মোতাবেক ২০শে সেপ্টেম্বর, ১৯৯৫ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৬৭-আইন/৯৫/১১৯-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে "দ্বিতীয় তফসিলের" শব্দগুলির পরিবর্তে "আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবাসমূহের মধ্যে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ আব্দুল মান্নান শিকদার ]
দ্বিতীয় সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং–১৭২–আইন/২০০০/২৭১–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৮ই আশ্বিন, ১৪০৫ বাং মোতাবেক ২৩শে সেপ্টেম্বর, ১৯৯৮ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২০৮-আইন/৯৮/১৯৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ

উপরি-উক্ত প্রজ্ঞাপনে "দ্বিতীয় তফসিলের" শব্দগুলির পরিবর্তে "আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবসমূহের মধ্যে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ ফখরুল আবেদীন ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং-১৭৩-আইন/২০০০/২৭২-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ৭ই আশ্বিন, ১৪০৪ বাং মোতাবেক ২২শে সেপ্টেম্বর,১৯৯৭ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২২৩-আইন/৯৭/১৭০-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে "দ্বিতীয় তফসিলে" শব্দগুলির পরিবর্তে "আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ আব্দুল মান্নান শিকদার ]
দ্বিতীয় সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং-১৭৪-আইন/২০০০/২৭৩-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৩৩-আইন/৯৯/২১৪-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে "দ্বিতীয় তফসিলে বর্ণিত" শব্দগুলির পরিবর্তে "আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ আব্দুল মান্নান শিকদার ]
দ্বিতীয় সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং

এস, আর, ও, নং-১৭৫-আইন/২০০০/২৭৪-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং- ১৪২-আইন/৯২/৫৫-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এর শিরনামা সংখ্যা —

(ক) ৪৮.০৩; এবং
(খ) ৬৪.০১ হইতে ৬৪.০৫

এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ ফখরুল আবেদীন ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং/৮ই জুন, ২০০০ ইং।

এস, আর, ও, নং-১৭৬-আইন/২০০০/২৭৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার —

(ক) অত্র বিভাগের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনগুলি এতদ্দ্বারা রহিত করিল, যথাঃ-

(১) এস, আর, ও নং-২৬৮-আইন/৯৭/১৭২-মূসক, তারিখঃ ৬ই অগ্রহায়ন, ১৪০৪ বাং মোতাবেক ২০শে নভেম্বর, ১৯৯৭ইং ;

(২) এস, আর, ও নং-১৪১-আইন/৯৯/২২১-মূসক, তারিখঃ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ইং ; এবং

(৩) এস, আর, ও নং-১৪৮-আইন/৯৯/২২৭-মূসক, তারিখঃ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ইং ;

(৪) এস, আর, ও নং ৪৫-আইন/২০০০/২৫৮-মূসক, তারিখঃ ২রা ফাল্গুন, ১৪০৬ বাং মোতাবেক ১৪ই ফেব্রুয়ারী, ২০০০ইং।

(খ) নিম্নে বিধৃত

(১) টেবিল (১) এর কলাম (১) ও (২) এ উল্লিখিত **Customs Act, 1969 (IV of 1969)** এর **First Schedule** এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ **(Heading No.)** এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ **(H.S.Code)** এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানী পর্যায়ে ; এবং

(২) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত **Customs Act, 1969 (IV of 1969)** এর **First Schedule** এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ **(Heading No.)** এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ **(H.S.Code)** এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে —

উহাদের উপর ১৯৯১ সনের ২২নং আইনের তৃতীয় তফসিল অনুযায়ী আরোপণীয় সম্পূরক শুল্ক, যে পরিমাণে উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম(৪) এ উল্লেখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ

"টেবিল-১ (আমদানী পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০৪.০২ | সকল এইচ, এস কোড | | ৫ |
| ০৭.০৩ | ০৭০৩.২০.১০ | তাজা রসুন (মোড়ক অথবা টিনজাত নহে) | ৫ |
| ০৮.০৪ | ০৮০৪.১০.১১ | তাজা খেজুর (মোড়ক অথবা টিনজাত নহে) | ৫ |
| ১২.০৩ | ১২০৩.০০.১০<br>১২০৩.০০.২০ | কোপরা | ৫ |
| ১৩.০১ | ১৩০১.৯০.৯০ | রোজিন, গাম-রেজিন এবং সুগন্ধি বৃক্ষ নির্যাস (প্রাকৃতিক গাম ব্যতিত) | ৫ |
| ১৫.০২ | ১৫০২.০০.০০ | গৃহ পালিত পশুর চর্বি, ভেড়া অথবা ছাগল (হেডিং নং ১৫.০৩ এ বর্ণিত পশু ব্যতীত) | ৫ |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco) | ২৫০ |
| ২৫.০৯ | ২৫০৯.০০.০০ | চক পাউডার | ৫ |
| ২৫.১৬ | ২৫১৬.৯০.১০ | অন্যান্য ক্রুড মনুমেন্টাল অথবা বিল্ডিং স্টোন | ৫ |
| ২৫.১৭ | ২৫১৭.১০.০০ | শিলাগুটি, নুড়ি পাথর, ভাঙ্গা অথবা চূর্ণ পাথর (সাধারণত রাস্তা তৈরীর বা কংক্রিট প্রস্তুতে ব্যবহার্য) | ৫ |
| | ২৫১৭.৪১.০০ | হেডিং নং ২৫.১৫ ও ২৫.১৬ এ বর্ণিত পাথর ও মার্বেলের কণিকা, টুকরা ও | ৫ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | পাউডার (হিট ট্রিটেড হউক বা না হউক) | |
| ২৫.২৩ | ২৫২৩.১০.০০ | সিমেন্ট ক্লিংকার | ৫ |
| | ২৫২৩.২৯.০০ | গ্রে-পোর্টল্যান্ড সিমেন্ট | ২০ |
| ২৫.৩০ | ২৫৩০.৯০.০০ | খনিজ দ্রব্য ও অন্যান্য | ৫ |
| ২৮.০৬ | ২৮০৬.১০.০০ | হাইড্রোজেন ক্লোরাইড (হাইড্রোক্লোরিক এসিড) | ৫ |
| ২৮.০৯ | ২৮০৯.২০.০০ | ফসফোরিক এসিড এবং পলিফসফোরিক এসিড | ৫ |
| ২৮.১৫ | ২৮১৫.১১.০০ | সোডিয়াম হাইড্রক্সাইড (কষ্টিক সোডা); সলিড | ৫ |
| ২৮.১৬ | ২৮১৬.১০.১০<br>২৮১৬.১০.২০ | ম্যাগনেসিয়াম হাইড্রক্সাইড এবং ম্যাগনেসিয়াম পার-অক্সাইড | ৫ |
| ২৮.২১ | ২৮২১.১০.০০ | আয়রন অক্সাইড এবং হাইড্রক্সাইড | ৫ |
| ২৮.২৭ | ২৮২৭.১০.০০ | এমোনিয়াম ক্লোরাইড | ৫ |
| ২৮.৩১ | ২৮৩১.১০.০০ | সোডিয়ামডাই থায়োনাইট এবং সালফোঅক্সালেট | ৫ |
| ২৮.৩৩ | ২৮৩৩.২৩.০০ | ক্রোমিয়াম সালফেট | ৫ |
| | ২৮৩৩.২৯.১০ | অন্যান্য সালফেট, যেমন ঃ ফেরাস সালফেট | ৫ |
| ২৮.৩৬ | ২৮৩৬.৩০.০০ | সোডিয়াম হাইড্রোজেন কার্বনেট (সোডিয়াম বাই কার্বনেট) | ৫ |
| | ২৮৩৬.৫০.০০ | ক্যালসিয়াম কার্বনেট | ৫ |
| ২৮.৪৭ | ২৮৪৭.০০.০০ | হাইড্রোজেন পার-অক্সাইড (Whether or not solidified with urea) | ৫ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৯.০২ | ২৯০২.৩০.০০ | টলুইন | ৫ |
| ২৯.০৫ | ২৯০৫.১১.০০ | মিথানল (মিথাইল এলকোহল) | ৫ |
| ২৯.১৫ | ২৯১৫.৭০.৩০ | পামিটিক এসিড এবং উহার সল্ট ও এস্টার (সোপ নুডুল) | ১০ |
| ২৯.২৫ | ২৯২৫.১১.০০ | স্যাকারিন এবং ইহার লবন | ৫ |
| ৩২.১৫ | ৩২১৫.১১.১০<br>৩২১৫.১১.২০ | ফ্লেক্সোগ্রাফিক ছাপার কালি (কালো) | ৫ |
| | ৩২১৫.১৯.১০<br>৩২১৫.১৯.২০ | ফ্লেক্সোগ্রাফিক ছাপার কালি (অন্যান্য রঙ) | ৫ |
| ৩৭.০৩ | ৩৭০৩.২০.১০ | অন্যান্য রংগীন ফটোগ্রাফিক কাগজ (পলিক্রোম) | ৫ |
| | ৩৭০৩.৯০.১০ | অন্যান্য ফটোগ্রাফি কাগজ | ৫ |
| ৩৮.০৬ | ৩৮০৬.১০.০০ | রোজিন এবং রেজিন এসিড | ৫ |
| ৩৮.১৪ | ৩৮১৪.০০.০০ | যৌগিক জৈব দ্রাবক ও থিনার, প্রস্তুতকৃত পেইন্ট ও বার্ণিশ রিমুভার | ৫ |
| ৩৮.২৩ | ৩৮২৩.১৯.০০ | মনোকার্বক্সিলিক ফ্যাটিএসিড (ইন্ডাস্ট্রিয়াল গ্রেড) ও অন্যান্য (সোপ নুডুলসহ) | ১০ |
| ৩৮.২৪ | ৩৮২৪.৬০.০০ | সাব হেডিং নং ২৯০৫.৪৪.০০ এ উল্লিখিত সরবিটল বাদে অন্যান্য সরবিটল | ৫ |
| | ৩৮২৪.৯০.০০ | অন্যান্য রাসায়নিক দ্রব্য ও রেসিডিউয়াল প্রোডাক্ট এবং কেমিক্যাল/এলাইড ইন্ডাস্ট্রির প্রিপারেশন | ৫ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩৯.১৯ | ৩৯১৯.১০.০০ | অনুর্দ্ধ ২০ সেঃ মিঃ প্রস্থ বিশিষ্ট প্লাস্টিকের তৈরী সেলফ এডহেসিভ প্লেট, শীট, ফিল্ম, ফয়েল, টেপ, স্ট্রীপ এবং অন্যান্য ফ্ল্যাট আকৃতি (রোল আকারে) | ১০ |
